



নাটোরে সেনাবাহিনীর প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম উদ্বোধন

-সংবাদ

## নাটোরে সেনাবাহিনীর প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম শুরু

প্রতিনিধি, নাটোর

গ্রামীণ জনপদের মানুষকে কর্মমুখী, কারিগরি ও চিকিৎসা শিক্ষায় সুবিধা প্রদানের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঐকান্তিক ইচ্ছায়, নাটোরের কাদিরাবাদ সেনানিবাসে শুরু হয়েছে বাংলাদেশ আর্মি ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ইন্ট্রিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (বাউয়েট) শিক্ষাকার্যক্রম। চলতি বছরের ফেব্রুয়ারি মাস থেকে সেনাবাহিনীর পরিচালনায় নাটোরের কাদিরাবাদ সেনানিবাসে প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম শুরু হয়েছে। বহুমুখী কারিগরি শিক্ষাকে গ্রামীণ জনপদের মানুষের কাছাকাছি নিয়ে যাওয়ার উদ্দেশ্যে বর্তমান সরকার এসব বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করেছে।

নাটোর জেলা সদর থেকে ১৭ কিলোমিটার দক্ষিণে বাগাতিপাড়া উপজেলার দয়ারামপুরে কাদিরাবাদ সেনানিবাসে প্রতিষ্ঠিত হয়েছে বাংলাদেশ সেনাবাহিনীর একমাত্র ইঞ্জিনিয়ারিং সেন্টার। চলতি বছরের (২০১৫) সালের ১৫ ফেব্রুয়ারি সেনানিবাসের বীরশ্রেষ্ঠ জাহাঙ্গীর ভবনে সেনাবাহিনী পরিচালিত বিশ্ববিদ্যালয় উদ্বোধন করেন তথা ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলক। এ সময় উপস্থিত ছিলেন কাদিরাবাদ সেনানিবাসের কমান্ডেন্ট ব্রিগেডিয়ার জেনারেল অহিদুল ইসলাম ভালুকদার, সংসদ সদস্য আবুল কালাম আজাদ, সেনাবাহিনীর বগুড়া এড়িয়া কমান্ডার মেজর জেনারেল আব্দুল্লাহিল বাকি, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ব্রিগেডিয়ার cersdt জেনারেল (অব:) এইচএমশহিদুল্লাহ প্রমুখ। এ বিশ্ববিদ্যালয়ে শুরুতে সেমিস্টার পদ্ধতিতে চার বছর মেয়াদি সিভিল ইঞ্জিনিয়ারিং, কমপিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিষয়ে ২১৪ জন শিক্ষার্থীকে ভর্তি করা হয়। এর মধ্যে ৫২ ছাত্রী। শিক্ষার্থীদের আবাসনের ব্যবস্থা করা হয়েছে ছয়টি বহুতল ভবনে। শিক্ষার্থীদের মধ্যে প্রতি বিষয়ে তিন জন করে মেধাবী শিক্ষার্থীকে বৃত্তি প্রদানের ব্যবস্থা করেছে। ইতোমধ্যে ২য় সেমিস্টার এর ক্লাস শুরু হয়েছে। ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিষয়ের বিভাগীয় প্রধান আকরামুল আলম জানান, সুশৃঙ্খল পরিবেশে সর্বোচ্চ ১০ টা থেকে বিকল্প ৫ টা পর্যন্ত ক্লাস চলে।। ডেপুটি রেজিস্ট্রার আশরাফুল ইসলাম জানান, ব্যবসায় শিক্ষা, বিজ্ঞান ও মানবিক বিষয়সহ পাঁচটি নতুন ফ্যাকাল্টি ১৪টি কোর্স চালুর অনুমতির জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের বিবেচনায় আছে।